

আল-ইনসান (আদ-দাহর) | Al-Insan | الْإِنْسَانُ

আয়াতঃ ৭৬ : ১৫

আরবি মূল আয়াত:

وَيُطَافُ عَلَيْهِمْ بِآنِيَةٍ مِّن فِضَّةٍ وَأَكْوَابٍ كَانَتْ قَوَارِيرًا ﴿١٥﴾

অনুবাদসমূহ:

তাদের চারপাশে আবর্তিত হবে রৌপ্যপাত্র ও স্ফটিক স্বচ্ছ পানপাত্র- — আল-বায়ান

তাদের সামনে ঘুরে ঘুরে রূপার পাত্র পরিবেশন করা হবে আর সাদা পাথরের পানপাত্র। — তাইসিরুল

তাদেরকে পরিবেশন করা হয়ে রৌপ্য পাত্রে এবং স্ফটিকের মত স্বচ্ছ পান পাত্রে। — মুজিবুর রহমান

And there will be circulated among them vessels of silver and cups having been [created] clear [as glass], — Sahih International

১৫. আর তাদের উপর ঘুরে ঘুরে পরিবেশন করা হবে রৌপ্যপাত্রে(১) এবং স্ফটিক-স্বচ্ছ পানপাত্রে—

(১) পবিত্র কুরআনের অন্যত্র বলা হয়েছে যে, “তাদের সামনে সবসময় স্বর্ণপাত্রসমূহ পরিবেশিত হতে থাকবে।” [সূরা আয-যুখরুফ: ৭১] এ থেকে জানা গেল যে, সেখানে কোন সময় স্বর্ণপাত্র এবং কোন সময় রৌপ্য পাত্র ব্যবহার করা হবে।

তাফসীরে জাকারিয়া

(১৫) তাদের উপর ঘুরানো হবে রৌপ্যপাত্র এবং স্ফটিকের মত স্বচ্ছ পান-পাত্র। [1]

[1] অর্থাৎ, সেবক (গিলমান)রা তা নিয়ে জান্নাতীদের মাঝে ঘুরতে থাকবে।

তাফসীরে আহসানুল বায়ান

Source — <https://www.hadithbd.com/quran/link/?id=5606>

হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন